

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস(বিইউপি) এর ২০১৪- ২০১৫ শিক্ষাবর্ষের  
ইন্টারনেটের মাধ্যমে আবেদনের প্রক্রিয়াঃ

### সাধারণ নির্দেশিকা:

যে সকল ছাত্র- ছাত্রী ২০১৩ অথবা ২০১৪ সালের উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ে বিবিএ শিক্ষাক্রমে ভর্তির আবেদন করতে পারবে এবং স্নাতকোত্তর পর্যায়ে এমবিএ(Day) প্রোগ্রাম এ আবেদনের জন্য যেকোন সালের **SSC, HSC & GRADUATE** সম্পন্ন করা ছাত্র- ছাত্রীরা আবেদন করতে পারবে।

তবে স্নাতক পর্যায়ে বিবিএ শিক্ষাক্রমের জন্য প্রার্থীকে অবশ্যই ২০০৯ সাল বা তার পরে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। স্নাতকোত্তর পর্যায়ে এমবিএ(Day) ক্ষেত্রে এ ধরনের সময়ের বাধ্যবাধকতা নেই।

১ সেপ্টেম্বর ২০১৪ তারিখ থেকে ০৯ অক্টোবর ২০১৪ ইং তারিখ পর্যন্ত বাংলাদেশের যে কোন স্থানে অবস্থিত ট্রাস্ট ব্যাংকের যে কোন শাখা এবং ট্রাস্ট ব্যাংকের মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তির আবেদনের টাকা জমা দেয়া যাবে।

### প্রার্থীকে ইন্টারনেটের মাধ্যমে আবেদনের পূর্বে অবশ্যই টাকা জমা দিতে হবে।

আবেদনকারীকে অবশ্যই ০৯ অক্টোবর ২০১৪ ইং তারিখের মধ্যে ব্যাংক বা ট্রাস্ট ব্যাংকের মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমা দিয়ে, ইন্টারনেটের মাধ্যমে ছবি আপলোড ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যসহ আবেদন সম্পন্ন করতে হবে। অন্যথায়, আবেদনকারীর অসম্পূর্ণ আবেদন কিংবা ব্যাংকে জমাকৃত টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে।

**বিশেষ সতর্কতাঃ** প্রার্থীর নিজের উপস্থিতিতে ইন্টারনেটের মাধ্যমে ছবি আপলোড করে আবেদন করার জন্য পরামর্শ দেয়া হচ্ছে। প্রার্থীর অনুপস্থিতিতে প্রায়শঃ ভুল ছবি আপলোড এবং ভুল তথ্য প্রদান করা হয়। প্রার্থীরা যে কোন সময়ে তার সাইন আপ কৃত ইমেইল এড্রেস ও পাসওয়ার্ড ব্যবহার করে ইন্টারনেটে সাইন ইন করে **Application Status** যাচাই করে নিতে পারবেন তার প্রবেশপত্রটি ও অন্যান্য প্রদেয় ইনফরমেশন সঠিক আছে বা ছিল কি না।

**বিশেষ বিজ্ঞপ্তিঃ** আবেদন করা বা টাকা জমা দেয়ার জন্য প্রার্থীর বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস(বিইউপি) বা ঢাকার বাইরের প্রার্থীকে ঢাকায় আসার প্রয়োজন নেই। বাংলাদেশের যে কোন প্রান্ত থেকে সমভাবে আবেদন করা যাবে।

## ভর্তির আবেদন করার নিয়ম:

একজন আবেদনকারীকে নিম্নলিখিত ৩ টি ধাপ সম্পন্ন করে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস(বিইউপি) তে ভর্তির আবেদন করতে হবে।

### প্রথম ধাপ: টাকা জমাদান

ট্রাস্ট ব্যাংকের যেকোন শাখা থেকে বিইউপির একাউন্ট নাম্বারঃ ০০২৮- ০৩১০০৪৫৮২০ (একাউন্ট টাইটেলঃ **Admission, FBS, BUP**) বরাবর ৫০০ টাকা (BBA Application Fee 500 Taka এবং MBA Application Fee 750 Taka) জমা দিতে হবে। জমা স্লিপে আবেদনকারী স্টুডেন্ট এর নাম ও মোবাইল নাম্বার অবশ্যই উল্লেখ করুন। টাকা জমাদানের সাথে সাথেই ব্যাংকের জমা গ্রহণকারী কর্মকর্তাকে বলুন আপনার জমা কৃত টাকা সাথে সাথেই পোস্টিং দিয়ে আপনাকে **TRACE** নাম্বার টি জমা স্লিপের উপরে লিখে দিতে। ইন্টারনেটের ভর্তির আবেদনের সময় অবশ্যই **TRACE** নাম্বার টির শেষ ৬ টি ডিজিট(অক্ষর) লিখুন। আপনার জমা স্লিপ টি সংরক্ষণ করুন এবং ভর্তি পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করুন।

এখানে আরও উল্লেখ্য যে বিশেষ কোন শাখায় টাকা জমাদানে বিশেষ কোন সুবিধা পাওয়া যাবে না। বাংলাদেশের ট্রাস্ট ব্যাংকের যেকোন শাখা ও ট্রাস্ট ব্যাংকের মোবাইল মানি পাঠানোর যেকোন **PAY POINT** এ জমাকৃত টাকার তথ্য সমান গুরুত্বের সাথে দ্রুততম সময়ে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস(বিইউপি) এ পৌঁছাবে।

### দ্বিতীয় ধাপ: ইন্টারনেটের মাধ্যমে আবেদন

প্রার্থী কে প্রথমেই বিইউপির ওয়েব সাইট([www.bup.edu.bd](http://www.bup.edu.bd)) এ লগইন করে

“**Admission 2014-2015**” লিখা বাটনে ক্লিক করে

**Apply Online** (<http://admission.bup.edu.bd/>) এ ক্লিক করুন।

তারপর **Current Opening** লিখার নিচে আপনার পছন্দের প্রোগ্রাম টি সিলেক্ট করুন।

তারপর **Read More & Apply Online** লিখার উপর ক্লিক করুন।

এরপর “**আবেদন করুন**” লিখা বাটনে ক্লিক করুন।

এবার এক এক করে আপনার প্রাথমিক তথ্য(**Applicant's Primary Information**) যেমনঃ আবেদনকারীর নাম, জন্ম তারিখ, পিতা ও মাতার নাম এবং আবেদনকারীর ই-মেইল এড্রেস টি লিখুন, ই-মেইলটি পুনরায় লিখুন।

এরপর পরবর্তী ধাপে ক্লিক করুন। সাথে সাথেই একটি **Account Activation Link** আপনার প্রদেয় ইমেইল এ চলে যাবে। আপনার ই-মেইল টি খুলুন, ইনবক্স চেক করুন,

একটিভেশন লিঙ্ক টি ইনবক্স এ না পেলে, আপনার মেইলের স্পাম বা বান্ধ বক্সে খুঁজুন এবং একটিভেশন লিঙ্ক টিতে ক্লিক করুন।

একটিভেশন লিঙ্কে ক্লিক করার সাথে সাথেই একটি ইউজার আইডি ও পাসওয়ার্ড আপনার ইমেইলে চলে যাবে। পুনরায় ইমেইল চেক করুন। উক্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে <http://admission.bup.edu.bd/> ওয়েব সাইটের উপরে ডান পাশে উল্লেখিত **Login** বাটনে ক্লিক করে ইমেইলে আসা ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে(ইউজার আইডি ও পাসওয়ার্ড জটিল মনে হলে ইউজার আইডি ও পাসওয়ার্ড যথাক্রমে কপি ও পেস্ট করে) লগইন করুন।

এবার আপনার এপ্লিকেশন ফর্ম টি পেয়ে গেলেন। এক এক করে আপনার প্রাথমিক তথ্য(**Primary Information**), বেসিক তথ্য(**Basic Information**) দিন এবং আবেদনকারীর ছবি আপলোড করুন, আপনার ছবি অবশ্যই প্রস্থে ১৬৫, দৈর্ঘ্যে ২১০ পিক্সেল হতে হবে। ছবির সাইজ ৪০০ কিলোবাইট এর বেশি হবে না। **Passport Size** এর ছবি **Scan** করে আপলোড করতে পারবেন। অসচ্ছ/ক্যাজুয়াল ব্যাকগ্রাউন্ড যুক্ত ছবি আপলোড করলে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে। **.JPG** ফরম্যাটের ছবি আপলোড করতে হবে। **.PNG** বা **.GIF** ফরম্যাটের ছবি আপলোড করা যাবে না। **.JPG** ফরম্যাট ছাড়া অন্য ফরম্যাটের ছবি আপলোড করলে পরীক্ষার প্রবেশপত্র প্রদান করা হবে না।

অতঃপর পারিবারিক তথ্য(**Family Information**), বর্তমান ঠিকানা(**Present Address**), স্থায়ী ঠিকানা(**Permanent Address**), যোগাযোগের তথ্য(**Contact Information**), কোটা সিলেক্ট করুন(**Other Information**), আবেদন ফির তথ্য(**Payment Information**- আপনি যে পদ্ধতিতে টাকা জমা দিয়েছেন তা সিলেক্ট করুন), শিক্ষাগত যোগ্যতা(**Educational Qualification**) উল্লেখ করে **Submit** বাটনে ক্লিক করুন।

এখানে উল্লেখ্য যে লাল তারকা (\*) চিহ্নিত ফিল্ড গুলি অবশ্যই পূরন করতে হবে। যদি কোন তথ্য আপনি তাৎক্ষনিকভাবে প্রদান করতে না পারেন তাহলে আপনার আবেদন টি সাময়িকভাবে সেভ করে রাখতে পারেন। সে ক্ষেত্রে **SAVE** বাটনে ক্লিক করুন। পরে আবার <http://admission.bup.edu.bd/> ওয়েব সাইটে যেয়ে উপরে ডান পাশে উল্লেখিত **Login** বাটনে ক্লিক করে ই-মেইলে আসা **User ID** ও **Password** ব্যবহার করে(জটিল মনে হলে ই-মেইল এ আসা **User ID** ও **Password** যথাক্রমে কপি ও পেস্ট করে) লগইন করুন।

এবার আপনার অসম্পূর্ণ তথ্য প্রদান করে **Submit** বাটনে ক্লিক করে আবেদন ফর্ম টি বিইউপিতে পাঠিয়ে দিন। মনে রাখবেন **Submit** বাটনে ক্লিক করে আবেদন ফর্ম টি বিইউপিতে না পাঠানো পর্যন্ত আপনার আবেদন অসম্পূর্ণ হিসেবে গন্য হবে। সেভ করা আবেদন ফর্মের ক্ষেত্রে **Edit Information** বাটনে ক্লিক করে আপনার অসম্পূর্ণ তথ্য প্রদান করে **Submit** বাটনে ক্লিক করে আবেদন ফর্মটি বিইউপিতে পাঠাবেন। তবে আপনার আবেদন ফর্মটি বিইউপিতে পাঠানোর পর বিইউপি কর্তৃক আপনার সকল তথ্য যাচাই বাছাই করার পূর্ব পর্যন্ত আপনি যতবার খুশি ততবার আপনার তথ্য পরিবর্তন, পরিমার্জন করতে পারবেন। সে ক্ষেত্রে আগের মতই লগ ইন করে **Edit Information** বাটনে ক্লিক করে আপনার তথ্য পরিবর্তন করে **Update** বাটনে ক্লিক করুন। কিন্তু বিইউপি কর্তৃপক্ষ আপনার তথ্য যাচাই বাছাই প্রক্রিয়া সম্পন্ন করার পর আপনি আপনার তথ্য পরিবর্তন বা পরিমার্জন করতে পারবেন না।

### তৃতীয় ধাপ ও শেষ ধাপ: রোল নাম্বার ও প্রবেশপত্র সংগ্রহ

আবেদনপত্র যাচাই বাছাই সম্পন্ন করার পর যোগ্য আবেদনকারীর অনুকূলে একটি স্বয়ংক্রিয় প্রবেশপত্র চলে যাবে। উক্ত প্রবেশপত্র ডাউনলোড করার জন্য পূর্বের ন্যায় <http://admission.bup.edu.bd/> ওয়েব সাইটে যেয়ে উপরে ডান পাশে উল্লেখিত **Login** বাটনে ক্লিক করে আপনার ই-মেইলে আসা ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করুন। প্রবেশপত্র ডাউনলোড করে একটি প্রিন্ট নিন। প্রিন্ট নিয়ে **APPLICANT'S SIGNATURE** বক্সে আবেদনকারী স্বাক্ষর করুন। অযোগ্য আবেদনকারীর অনুকূলে কোন প্রবেশপত্র পাঠানো হবে না।

### বিশেষ দ্রষ্টব্য:

যদি কোন আবেদনকারী ব্যাংকে টাকা জমাদান ও অনলাইনে আবেদন করার পর পাঁচ কার্যদিবস এর মধ্যে পরীক্ষার প্রবেশপত্র ইন্টারনেটে(Downloadable copy) না পায়, তাহলে সে টাকা জমা দেওয়ার বিবরণসহ অনলাইনে(admission@bup.edu.bd) অথবা টেলিফোনে (৮০০০৩৬৮) নাম্বারে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস(বিইউপি) কে অবহিত করবেন।

আবেদনকারী প্রয়োজনে লগইন করে ভেরিফিকেশন সম্পন্নকৃত আবেদন ফর্ম এর প্রিন্ট নিতে পারবেন।

যোগ্য আবেদনকারীর নামীয় তালিকা **১২ অক্টোবর ২০১৪** তারিখে বিইউপির ওয়েবসাইট ও নোটিশবোর্ড এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

এছাড়া ভর্তি পরীক্ষার সিট প্লান **২৩ অক্টোবর ২০১৪** তারিখে বিইউপির ওয়েবসাইট ও নোটিশবোর্ড এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। আপনি লগইন করেও আপনার সিটিং প্লান দেখে নিতে পারবেন।

লিখিত ভর্তি পরীক্ষা **২৪ অক্টোবর ২০১৪** তারিখে ঢাকা সেনানিবাসে অবস্থিত আদমজী ক্যান্টনমেন্ট কলেজে সকাল ৯.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

লিখিত ভর্তি পরীক্ষার পর **১২ নভেম্বর ২০১৪** তারিখে লিখিত ভর্তি পরীক্ষার ফলাফল একই ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর বিইউপির ওয়েবসাইট ও নোটিশবোর্ড এর মাধ্যমে ভাইভা শিডিউল জানিয়ে দেয়া হবে।

এরপর **০৩ ডিসেম্বর ২০১৪** তারিখে চূড়ান্ত ভর্তি যোগ্য প্রার্থীর নামীয়(মেধা) তালিকা এবং (অপেক্ষমাণ) তালিকা প্রকাশ করা হবে।

মেধা তালিকা থেকে ভর্তি শুরু হবে **০৭ ডিসেম্বর ২০১৪ ও শেষ ১৮ ডিসেম্বর** এবং অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি যোগ্য প্রার্থীদের ক্রমানুসারে ভর্তি কার্যক্রম শুরু হবে **২১ ডিসেম্বর ২০১৪ থেকে ও শেষ হবে ২৫ ডিসেম্বরের মধ্যে**।

ক্লাস শুরু হবে **১১ জানুয়ারি ২০১৫** থেকে।